# সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭

সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল(এসএসআরসি)

পরিকল্পনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

প্রথম প্রকাশ : ৩১ মে, ২০১৭

প্রথম সংস্করণ : জুন, ২০১৮

দ্বিতীয় সংস্করণ : জুন ২০১৯

সম্পাদনা : ড. উত্তম কুমার দাশ
উপসচিব
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

প্রকাশনা : সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল(এসএসআরসি)
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

মুদ্রণ : রেইনবো প্রিন্টিং প্রেস
৮৫/১, নয়াপল্টন, ঢাকা-১০০০
টেলিফোন : ০২-৯৩৪১২৬৫
ই-মেইল : rainbowprinting20@gmail.com

প্রচ্ছদ : অর্ণা নিশিতা নিথিলা
ইউআরপি
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

আর্থিক সহযোগিতা : পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

# মুখবন্ধ

গুণগত গবেষণা ফলাফলের বিস্তরণ ও প্রয়োগ জ্ঞানভিত্তিক সমাজ গঠনের গুরুত্বপূর্ণ হাতিয়ার। উন্নত বিশ্বের অধিকাংশ দেশই গুণগত গবেষণার উপর অধিক গুরুত্বারোপ করার কারণে জ্ঞানভিত্তিক সমাজ গঠনে অগ্রণী ভূমিকা পালন করতে পেরেছে। বর্তমান গণতান্ত্রিক সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী এবং ডিজিটাল বাংলাদেশের রূপকার শেখ হাসিনা সর্বক্ষেত্রে টেকসই উন্নয়নে গুণগত গবেষণার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেছেন। সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল (এসএসআরসি) আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষেত্রভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ নির্দেশনায় প্রণীত হয়েছিল প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিল (১৯৭৩-৭৮)। উক্ত দলিলে উপস্থাপিত প্রস্তাবনা অনুযায়ী সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল (এসএসআরসি) প্রতিষ্ঠিত হয়। সামাজিকবিজ্ঞানের শাখাসমূহে গবেষণার উন্নয়ন এবং সমন্বয়সাধন, সামাজিক নীতি ও পরিকল্পনার জন্য গবেষণালব্ধ ফলাফল সরবরাহ এবং দক্ষ গবেষক তৈরিই এই প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য। এই মূল লক্ষ্য অর্জনে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠালগ্ন হতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বর্ণিত উদ্দেশ্য অনুযায়ী কাজ করছে। এ উদ্দেশ্যসমূহ হলো- ১. সামাজিকবিজ্ঞানের শাখাসমূহে গবেষণা চাহিদা চিহ্নিত করা এবং কার্যক্রমভিত্তিক ও সমস্যাকেন্দ্রিক গবেষণা কার্যক্রম উন্নয়ন করা; ২. জাতীয়, আঞ্চলিক এবং সমষ্টি উন্নয়নের লক্ষ্যে নীতি, পরিকল্পনা ও কার্যক্রম গঠনে গবেষণা পরিচালনা করা; ৩. গবেষণা ফলাফলের মাধ্যমে নীতি নির্ধারণকারী এবং সমাজগবেষকদের মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করা ও ৪. বিভিন্ন প্রতিষ্ঠান এবং সমাজগবেষকদের মধ্যে কার্যকর যোগাযোগ ও সমন্বয়ের উন্নয়ন করা।

এ প্রতিষ্ঠানটি উপর্যুক্ত উদ্দেশ্য অর্জনে ০৫(পাঁচ) ধরনের গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ কার্যক্রমগুলো হলো প্রোমোশনাল, ফেলোশিপ, প্রাতিষ্ঠানিক, এমফিল এবং পিএইচডি গবেষণা। তাছাড়া প্রতিষ্ঠানটি বর্তমানে বঙ্গবন্ধু রিসার্চ এ্যান্ড ডকুমেন্টেশন কার্যক্রম নামে আর একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনা করছে। প্রতিষ্ঠানটি নতুন গবেষক তৈরি এবং গবেষণা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের গবেষণা পদ্ধতি ও কৌশলের উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আর্থিক মঞ্জুরি প্রদান করে আসছে। এই সকল কর্মসূচির মাধ্যমে একদিকে নতুন গবেষক তৈরি হচ্ছে অন্যদিকে প্রতিষ্ঠিত গবেষকদের গবেষণালব্ধ ফলাফল আর্থ-সামাজিক ক্ষেত্রে শৃঙ্খলিত সমস্যার মূল উৎপাটনে দিক নির্দেশনা প্রদান করছে। প্রতিষ্ঠানটি কতগুলো পর্যায় অনুসরণ করে গবেষণা কার্যক্রম গুণগত করার প্রয়াস নিয়ে থাকে। এ পর্যায়সমূহের মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো গবেষণার জন্য উপযুক্ত বিষয়বস্তু নির্ধারণ, গবেষণা প্রস্তাবনা যাচাই-বাছাইকরণ, গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ এবং গবেষণা মূল্যায়ন। এ কার্যক্রমগুলো পরিচালিত হয় সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ অনুযায়ী। সময়ের চাহিদা, গবেষণা পরিচালনায় প্রচলিত নীতিমালার দুর্বলতার কারণে নীতিমালাটি পরিমার্জনের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় এটি জুন, ২০১৯ সালে সংস্করণ করা হয়েছে। পরিমার্জিত এ নীতিমালাটি সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭ নামে পরিচিত এবং এটি ২০১৯-২০ অর্থ-বছর হতে কার্যকর হবে।

আমি নীতি প্রণয়ন এবং সংস্কার সংশ্লিষ্ট সকল প্রতিনিধিকে কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রত্যাশা করছি এ নীতিমালার প্রয়োগ গুণগত গবেষণায় সহায়ক হবে এবং জাতীয় লক্ষ্য অর্জনে ভূমিকা রাখবে।

(এম. এ. মান্নান)
এমপি
মাননীয় মন্ত্রী

ঢাকা
৩০ জুন, ২০১৯ খ্রিঃ

# প্রসঙ্গকথা

সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল (এসএসআরসি) পরিকল্পনা বিভাগের অধীন একটি প্রতিষ্ঠান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রণীত প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটি ০৫(পাঁচ) টি ক্যাটাগরিতে যেমন: প্রোমোশনাল, এমফিল, পিএইচডি, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণা কার্যক্রমে আর্থিক মঞ্জুরি প্রদান করে থাকে। সারা দেশব্যাপী গবেষণা প্রতিষ্ঠানের মাধ্যমে সামাজিক গবেষণা পদ্ধতির উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। তাছাড়া প্রতিষ্ঠানটি ২০১৯ সালের জানুয়ারি মাস হতে বঙ্গবন্ধু রিসার্চ এ্যান্ড ডকুমেন্টেশন কার্যক্রম পরিচালনায়ও আর্থিক মঞ্জুরি প্রদান করছে। আর্থ-সামাজিক ক্ষেত্রে গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিলের 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭' অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ নীতিমালাটি জুন, ২০১৮ সালে প্রথম সংস্করণ করা হয়। কিন্তু সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতে গবেষণার মান উন্নয়ন, নীতি-পরিকল্পনায় কার্যকর অবদান এবং গবেষণা পরিচালনায় প্রতিবন্ধকতা বিষয়ে গুরুত্বারোপ করে এটি চাহিদা অনুযায়ী পরিমার্জনের পদক্ষেপ গ্রহণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল গত ২৪ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখে একটি অভ্যন্তরীণ সভা সম্পন্ন করে এবং সভার মতামত অনুযায়ী কতিপয় ক্ষেত্রে নীতিমালাটি পরিমার্জন করা হয়।

সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল এর দীর্ঘ পথযাত্রায় আর্থ-সামাজিক ক্ষেত্রে এ পর্যন্ত ৬৯০টি গবেষণা পরিচালিত হয়েছে। এ গবেষণা প্রতিবেদনসমূহ এসএসআরসি এর ডকুমেন্টেশন সেন্টারে সংরক্ষিত রয়েছে। সমাজগবেষক, নীতিপ্রণয়ন প্রতিষ্ঠান, নীতি প্রণেতা, পরিকল্পনাবিদ, গবেষণা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং ক্ষেত্রভিত্তিক সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ গবেষণা প্রতিবেদন তাদের প্রয়োজনীয় ক্ষেত্রে প্রয়োগ এবং সংরক্ষণ করে।

গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য পরিমার্জিত নীতিমালাটি সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল -২০১৭ নামে প্রকাশিত। এ নীতিমালা অনুমোদন লাভের পর হতেই ২০১৯-২০ অর্থ-বছর এবং পরবর্তী অর্থবছরের জন্য গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম এ নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে। পরিমার্জিত এ নীতিমালাটি একটি প্রক্রিয়ার মাধ্যমে কয়েকটি ধাপে প্রণয়ন করা হয়েছে। নীতিমালাটিতে গবেষণা প্রক্রিয়ার প্রতিটি ধাপেই সংশ্লিষ্ট নীতি ও কর্মকৌশল বিধৃত রয়েছে। প্রত্যাশা করছি এ নীতিমালাটি আর্থ-সামাজিক ক্ষেত্রে গুণগত গবেষণা পরিচালনা এবং জাতীয় উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

৩০ জুন, ২০১৯ খ্রিঃ

(মো. নূরুল আমিন)
সচিব
পরিকল্পনা বিভাগ

# বিষয়সূচি


| ক্রমিক নম্বর | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | মুখবন্ধ | i |
| | প্রসঙ্গ কথা | ii |
| ১. | ভূমিকা | ১ |
| ২. | সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের উদ্দেশ্যসমূহ | ২ |
| ৩. | সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশলের উদ্দেশ্যসমূহ | ২ |
| ৪. | ক্ষেত্রভিত্তিক নীতিমালা ও কৌশল | ৩ |
| ৫. | গবেষণা প্রস্তাবনা আহ্বানের নীতি ও কৌশল | ৪ |
| ৬. | গবেষণা প্রস্তাবনা বাছাইকরণ নীতি ও কৌশল (প্রোমোশনাল, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণা) | ৪ |
| ৭. | গবেষণা প্রস্তাবনা বাছাইকরণ (এমফিল/এমএস এবং পিএইচ ডি) গবেষণা প্রস্তাবনা | ৫ |
| ৮. | মঞ্জুরী প্রদান ক্ষেত্র | ৬ |
| ৯. | প্রোমোশনাল গবেষণা | ৬ |
| ১০. | ফেলোশিপ গবেষণা এবং বঙ্গবন্ধু রিসার্চ | ১২ |
| ১১. | এমফিল/এমএস প্রোগ্রাম | ১৩ |
| ১২. | পিএইচডি প্রোগ্রাম | ১৪ |
| ১৩. | প্রাতিষ্ঠানিক গবেষণা | ১৫ |
| ১৪. | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১৬ |
| ১৫. | গবেষণা প্রতিবেদন মূল্যায়ন | ১৭ |
| ১৬. | গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ | ১৮ |
| ১৭. | গবেষণা ফলাফল উপস্থাপন | ১৯ |
| ১৮. | ওয়ার্কসপ এবং সেমিনার পরিচালনার নিয়মনীতি | ২০ |
| ১৯. | গবেষণা প্রতিবেদন জমা প্রদান ও জমা প্রদানে ব্যর্থতা | ২১ |
| ২০. | মূল্যায়ন নীতিমালা | ২২ |
| ২১. | গবেষণা মঞ্জুরি সঞ্চালন প্রক্রিয়া | ১৮ |
| ২২. | গবেষণা সম্পর্কিত অভিযোগ | ১৮ |
| ২৩. | গবেষণা প্রতিবেদন প্রকাশনা | ১৮ |
| ২৪. | প্রকাশিত গবেষণা বাজারজাতকরণ প্রক্রিয়া | ১৯ |
| ২৫. | প্রকাশিকত ও অপ্রকাশিত গবেষণা প্রতিবেদন সংগ্রহ | ১৯ |
| ২৬. | নীতিমালার প্রভাব মূল্যায়ন | ১৯ |
| | উপসংহার | ১৯ |
| | পরিশিষ্ট (সংযোজনী: ১-১৪) | ২০-৫৪ |

## ১. ভূমিকা (Introduction)

বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে। স্বাধীনতা লাভের পূর্বে এ দেশটি ছিল ২৪ বছর পাকিস্তানের শাসনাধীন এবং প্রায় দুইশত বছর বৃটিশের অধীন। এই দুই শাসন ও শোষণের নানামুখী প্রভাব এ দেশের আর্থ-সামাজিক জীবনে সৃষ্টি করেছে নানামুখী শৃঙ্খলিত সমস্যা। দারিদ্র্য, জনসংখ্যা সমস্যা, বেকারত্ব, ভিক্ষাবৃত্তি, যৌতুক, নিরক্ষরতা ও অজ্ঞতা প্রভৃতি আর্থ-সামাজিক সমস্যার শেকড় তাই ইতিহাসের অনেক গভীরে। এ উপলব্ধি থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রণীত প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৭৩-৭৮) সোস্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিলের (এসএসআরসি) রূপরেখা প্রণীত হয়। এ রূপরেখায় এসএসআরসির লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম, পরিচালনা কাঠামো প্রভৃতির নির্দেশনা সুস্পষ্ট করা হয়।

পরবর্তী সময়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের অধীন সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ প্রতিষ্ঠালাভ করে। প্রতিষ্ঠানটির শুরু থেকেই আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পাঁচটি ক্যাটাগরীতে গবেষণা মঞ্জুরি প্রদান করে আসছে। এতে একদিকে আর্থ-সামাজিক ক্ষেত্রের বিভিন্ন অংশের উপর গভীর অনুসন্ধান পরিচালিত হচ্ছে অন্যদিকে গবেষণার জন্য দক্ষ মানবসম্পদ তৈরি হচ্ছে।

বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রের একটি মৌলিক সমস্যা বহু সমস্যার জন্মদাতাও। বাল্যবিবাহ, অপুষ্টি, নারী ও শিশু নির্যাতন, বস্তি সমস্যা, অপরাধ, কিশোর অপরাধ, প্রবীণ সমস্যা, বিবাহ বিচ্ছেদ, মাদকাসক্তি, আত্মহত্যা, হরতাল, জঙ্গিবাদ, দুর্নীতি, সন্ত্রাস প্রভৃতি মূল সমস্যারই সৃষ্ট সমস্যা। আজ বাংলাদেশে মৌলিক সমস্যার তীব্রতা যেমন দারিদ্র্য অনেকটা ক্রমহ্রাসমান। অন্যদিকে কৃষিতে এ দেশ আজ বিপ্লব ঘটিয়েছে। শিক্ষায় অনেকটা পথ এগিয়েছে। শিশু ও মাতৃ মৃত্যুর হার অনেক কমেছে। অনেক রোগের প্রাদুর্ভাব থেকে আমরা মুক্তি পেয়েছি। পাশাপাশি প্রযুক্তির পথে আমরা অনেকটা এগিয়েছি। এসব সাফল্যের মূলে রয়েছে গবেষণালব্ধ জ্ঞানভিত্তিক সময়োপযোগি পদক্ষেপ। তবে আর্থ-সামাজিক জীবনের বহুসমস্যার শেকড়ে এখনও আমরা পৌঁছাতে পারিনি। এসব সমস্যাসমূহ বহু শৃঙ্খলিত সমস্যার সৃষ্টি করছে। তাই এ দেশের আর্থ-সামাজিক সমস্যা সংশ্লিষ্ট চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজন ব্যাপক ও গভীর অনুসন্ধানমূলক সামাজিক গবেষণা পরিচালনা করা।

সমাজের বিভিন্ন ক্ষেত্রভিত্তিক গবেষণার ফলাফলের ওপর ভিত্তি করে প্রণীত হয় সুস্পষ্ট নীতি। আর এ নীতির প্রতিফলন ঘটে বিভিন্ন আর্থ-সামাজিক পরিকল্পনায়। ক্ষেত্রভিত্তিক সুস্পষ্ট আর্থ-সামাজিক পরিকল্পনাই এ ক্ষেত্রে লক্ষ্যভূত (targeted) জনগোষ্ঠির উন্নয়নে কার্যকর কার্যক্রম ও কর্মসূচি প্রণয়নে সহায়তা করে। সুতরাং যেকোনো নীতি প্রণয়নের জন্য প্রয়োজন উক্ত বিষয়ের ওপর প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনা করা। এসব সামাজিক গবেষণার ফলাফলই সামাজিক-নীতি ও পরিকল্পনা প্রণয়নের পথ প্রদর্শক হিসেবে কাজ করবে। আবার পরিকল্পনার ফলাফল মূল্যায়নের জন্যও গবেষণা ফলাফল গুরুত্বপূর্ণ। সুতরাং এ দেশের সমস্যাকেন্দ্রিক, নীতিকেন্দ্রিক এবং কার্যক্রমকেন্দ্রিক গবেষণা পরিচালনা করা অত্যন্ত প্রয়োজন।

সামাজিকবিজ্ঞানে গবেষণা উন্নয়ন ও সমন্বয় সাধন, বাংলাদেশ সরকারের সামাজিক নীতি ও পরিকল্পনা প্রণয়নের জন্য গবেষণালব্ধ ফলাফল সরবরাহ এবং দক্ষ গবেষক তৈরিতে সহায়তা করাই এই প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য। এই মূল লক্ষ্য অর্জনে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠালগ্ন হতে নিম্নোক্ত উদ্দেশ্য সাধনের লক্ষ্যে কাজ করছে।

1. First Five Year Plan (1st FYP 1973-78), Nov 1973, Page 48789, Planning Commission
2. Booklet, Social Science Research Council Bangladesh (1978, 1981 and 1991), Ministry of Planning, Planning Division, Sher-e-Bangla Nagar, Dhaka-15;

## ২. সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের উদ্দেশ্যসমূহ হলো:

২.১ সামাজিকবিজ্ঞান সমূহের গবেষণা চাহিদা চিহ্নিত করা এবং কার্যক্রমভিত্তিক এবং সমস্যাকেন্দ্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা এবং উন্নয়ন করা;

২.২ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান পরিচালিত গবেষণা ফলাফল সংগ্রহ, সংরক্ষণ ও বিস্তরণ করা এবং জাতীয়, আঞ্চলিক ও সমষ্টি উন্নয়নে এসব গবেষণার ফলাফল ব্যবহারে সহায়তা করা;

২.৩ জাতীয়, আঞ্চলিক এব ং সমষ্টি উন্নয়নের (community development) লক্ষ্যে নীতি, পরিকল্পনা ও কার্যক্রম গঠনে গবেষণা পরিচালনা করা;

২.৪ গবেষণালব্ধ ফলাফল বিস্তরণ ও প্রকাশনার মাধ্যমে নীতি নির্ধারণকারী এবং সমাজগবেষকদের মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করা;

২.৫ পরিকল্পনাবিদ, নীতি প্রণয়নকারী এবং প্রশাসকদের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন ও গবেষণালব্ধ তথ্য বিস্তরণের লক্ষ্যে জাতীয় সমন্বয়ক প্রতিষ্ঠানের ভূমিকা পালন করা;

২.৬ সামাজিকবিজ্ঞান সংশ্লিষ্ট গবেষণার ক্ষেত্রে স্থানীয় এবং আন্তর্জাতিক সংগঠনের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা করা এবং তহবিল গঠনের উদ্যোগ গ্রহণ করা;

২.৭ সামাজিকবিজ্ঞানে প্রয়োগিত আধুনিক গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর প্রশিক্ষণ কার্যক্রম সংগঠিত করা;

২.৮ বাংলাদেশে সামাজিকবিজ্ঞান গবেষণার উন্নয়নে কর্মশালা, সেমিনার এবং কনফারেন্সের আয়োজন করা।

## ৩. সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশলের উদ্দেশ্যসমূহ

সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের উদ্দেশ্যসমূহ পূরণে প্রোমোশনাল, এমফিল, পিএইচডি, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণা পরিচালনায় আর্থিক মঞ্জুরি প্রদান করে থাকে। এ আর্থিক মঞ্জুরি প্রদান সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক অনুসৃত গবেষণা মঞ্জুরি প্রদান নীতি, নিয়ম ও পদ্ধতি অনুযায়ী বিধিবদ্ধভাবে পরিচালনা করে, যা প্রতিষ্ঠান কর্তৃক বুকলেট আকারে প্রকাশিত হয়। প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত এ বুকলেটটি" সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক অনুসৃত গবেষণা মঞ্জুরি প্রদান নীতি, নিয়ম ও পদ্ধতি" শিরোনামে পরিচিত। এটি তিনবার সংস্করণ (২০০৫, ২০০৭ এবং ২০১১) করা হয়েছে। এ নীতিমালাটি সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতে গবেষণার মান উন্নয়ন, নীতি প্রণয়ন, প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর অবদানের বিষয়ে গুরুত্বারোপ করে পরিমার্জন ও সংস্কারের পদক্ষেপ গ্রহণ করা হয়। এ ক্ষেত্রে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ ৫ জুন, ২০১৬ খ্রি. তারিখে একটি কর্মশালা সম্পন্ন করে। এ কর্মশালায় নীতি প্রণয়নকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, নীতি প্রণয়নে দক্ষতা সম্পন্ন কর্মকর্তা, পরিকল্পনাবিদ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণ ছিল। এ কর্মশালায় অংশগ্রহণকারীদের মতামত এবং গবেষণা মঞ্জুরি প্রদান নীতিমালা পর্যালোচনা প্রতিবেদন এর উপর ভিত্তি করে প্রচলিত নীতিমালা পরিমার্জন করা হয়।

পরিমার্জিত এ নীতিমালাটি 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭' নামে প্রকাশিত। এ নীতিমালায় উদ্দেশ্যসমূহ, ক্ষেত্রভিত্তিক নীতিমালা, মঞ্জুরি প্রদান ক্ষেত্র, গবেষণা প্রতিবেদন মূল্যায়ন, প্রশিক্ষণ ও গবেষণা পরিবীক্ষণ, গবেষণা ফলাফল উপস্থাপনসহ অন্যান্য বিষয়ে বিস্তারিত নীতি উপস্থাপিত হয়েছে।

## উদ্দেশ্যসমূহ :

৩.১. প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, বাংলাদেশ ডেল্টা পরিকল্পনা-২১০০ এবং এসডিজি (SDGs) পূরণ সম্পর্কিত ক্ষেত্রভিত্তিক তথ্য গ্যাপ চিহ্নিতকরণ এবং চাহিদা যাচাই সমীক্ষা সম্পর্কিত ক্ষেত্রভিত্তিক গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা;

৩.২. নিয়মিত বিভিন্ন প্রকৃতির পরিচালিত গবেষণার ফলাফল বিস্তরণ ও প্রকাশ করা;

৩.৩. নীতি প্রণয়নকারী, পরিকল্পনাবিদ ও প্রশাসকের সাথে কার্যকর যোগাযোগ সৃষ্টির মাধ্যমে জাতীয় সমন্বয়ক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা;

৩.৪. দক্ষ সমাজগবেষক তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি করা।

## ৪. ক্ষেত্রভিত্তিক নীতিমালা ও কৌশল (Area Wise Policies and Strategies)

৪.১ গবেষণা ক্ষেত্র নির্বাচন (Selection of the Research Area):

**৪.১.১ নীতি:** গবেষণা ক্ষেত্র আবশ্যিকভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক বিষয় সংশ্লিষ্ট এবং গবেষণা ক্ষেত্র নির্বাচনে একটি প্রক্রিয়া অনুসরণ করা।

### ৪.২. কৌশল:

৪.২.১ গবেষণা ক্ষেত্র আবশ্যিকভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন নীতি, কৌশল, কর্মকান্ডকে প্রতিফলিত ফোকাস করতে হবে;

৪.২.২ গবেষণা ক্ষেত্র নির্বাচনে প্রয়োজন অনুযায়ী এসডিজি/ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা সহায়ক সমীক্ষার ওপর গুরুত্ব প্রদান করতে হবে;

৪.২.৩ একটি বিশেষজ্ঞ গবেষক দলের মাধ্যমে প্রতিবছর গবেষণার জন্য প্রয়োজনীয় ক্ষেত্র চূড়ান্ত করতে হবে। অথবা ক্ষেত্রভিত্তিক চাহিদা যাচাই সমীক্ষা পরিচালনার মাধ্যমে গবেষণা ক্ষেত্র নির্বাচন করা হবে;

৪.২.৪ বিশেষজ্ঞ গবেষক দলের সদস্য নির্বাচনে সামাজিকবিজ্ঞান অনুষদ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন/বর্তমান শিক্ষক যারা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন, সরকারি কর্মকর্তা প্রাক্তন/বর্তমান যাদের পিএইচডি ডিগ্রি রয়েছে, অথেনটিক/আন্তর্জাতিক জার্নালে প্রকাশনা রয়েছে এবং গবেষণার সাথে সংশ্লিষ্ট রয়েছেন; গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠিত গবেষক, যাদের গবেষক হিসেবে পরিচিতি রয়েছে। তাছাড়া যারা উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সাথে (জিইডি এবং পরিকল্পনা কমিশনের কর্মকর্তা) সম্পৃক্ত তারা এ বিশেষজ্ঞ দলের সদস্য হবেন। এসএসআরসির সহকারী পরিচালক এ বিশেষজ্ঞ দলের সাথে সমন্বয়কের ভূমিকা পালন করবেন;

৪.২.৫ এ বিশেষজ্ঞ দলে মোট ১৬ জন সদস্য সম্পৃক্ত থাকবেন। ৮ জন বিশেষজ্ঞ, ৪ জন পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সদস্য, পরিকল্পনা বিভাগের সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব এবং ১ জন সমন্বয়ক (সহকারী পরিচালক, এসএসআরসি)।

৪.২.৬ বিশেষজ্ঞ প্যানেল গবেষণা ক্ষেত্র নির্বাচনে সরকারি স্বার্থ পূরণে প্রয়োজন অনুযায়ী পরিবর্তন, সংযোজন এবং বিয়োজন করতে পারবে;

## ৫. গবেষণা প্রস্তাবনা আহ্বানের নীতি ও কৌশল (Policies and Strategies for Research Proposal Advertisement):

৫.১ নীতি: গবেষণা প্রস্তাবনা আহবান অর্থ-বছর শুরুর পূর্বেই দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন আকারে প্রকাশ এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা ।

৫.২ কৌশল:

৫.২.১ গবেষণা প্রস্তাবনা আহবান প্রতি বছর এপ্রিল মাসে করতে হবে;

৫.২.২ গবেষণা প্রস্তাবনা আহ্বানে জাতীয় গুরুত্বপূর্ণ ও বহুল প্রচারিত ন্যূনতম ২টি দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায়) বিজ্ঞাপন প্রচার করতে হবে;

৫.২.৩ এসএসআরসির ওয়েব সাইটেও এ বিজ্ঞাপন উপস্থাপন করতে হবে । বিস্তারিত তথ্য ওয়েবসাইট থেকে সংগ্রহ করার কথা উল্লেখ থাকবে;

৫.২.৪ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, নির্ধারিত সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, গবেষণা ইনস্টিটিউটসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রয়োজনবোধে বিজ্ঞাপনের কপি প্রেরণ করতে হবে;

৫.২.৫ বিজ্ঞাপনে গবেষণা প্রস্তাবনা আহবানে নির্ধারিত ক্ষেত্রসমূহ উল্লেখপূর্বক, প্রস্তাবনা উপস্থাপনের ছক উল্লেখ করতে হবে;

৫.২.৬ গবেষণা প্রস্তাবনা আহ্বানে বিভিন্ন ক্যাটগরির বিষয়েও বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে ।

৬.২.৭ গবেষণা প্রস্তাবনা এবং গবেষকের প্রোফাইল আলাদা ভাবে জমা দিতে হবে ।

## ৬. গবেষণা প্রস্তাবণা বাছাইকরণ নীতি ও কৌশল (Policies and Strategies of Research ProposalSelection):

(প্রোমোশনাল, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণা)

৬.১. নীতি: প্রোমোশনাল, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণার প্রস্তাবনা যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটির মাধ্যমে নির্বাচন এবং এ ক্ষেত্রে নিম্নোক্ত কৌশল অনুসরণ করা ।

৬.২. কৌশল:

৬.২.১ গবেষণা প্রস্তাবনা বাছাইকরণে ক্ষেত্রভিত্তিক মূল্যায়ন কমিটি গঠন করতে হবে । মূল্যায়ন কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ের ৩জন প্রতিষ্ঠিত গবেষক, পরিকল্পনার সাথে সম্পর্কিত ২জন কর্মকর্তা, গবেষণা বা প্রশিক্ষণ ইনস্টিটিউটের গবেষণা সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োজিত থাকবেন;

৬.২.২ প্রোমোশনাল, ফেলোশিপ এবং প্রাতিষ্ঠানিক গবেষণা প্রস্তাবনা প্রাথমিক বাছাইয়ে সংশ্লিষ্ট বিষয়ের (২৫-৩০ জনের) প্রতিষ্ঠিত গবেষকদের সমন্বয়ে ওয়ার্কসপের আয়োজন করতে হবে । উক্ত ওয়ার্কসপে সংশ্লিষ্ট বিষয়ের উপর দল গঠন করে প্রস্তাবনা মূল্যায়ন করতে হবে । এ ক্ষেত্রে গবেষণার ক্ষেত্র নির্বাচন, বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা, গবেষণা প্রস্তাবনার কাঠামো, নীতি প্রণয়ের সাথে সম্পর্কবদ্ধতা প্রভৃতি নির্দেশক (Indicator) সেট করে মূল্যায়ন করতে হবে ।

এই নির্দেশক গুলোকে ওয়েটেজ দিয়ে পরিমাপ করতে হবে। এ ক্ষেত্রে ৫০ নম্বরের মধ্যে প্রস্তাবনা মূল্যায়ন করতে হবে। সকল ক্যাটাগরির গবেষণা প্রস্তাবনার ন্যূনতম উত্তীর্ণ নম্বর ২৫ নির্ধারণ করতে হবে। মূল্যায়ন ছক পরিশিষ্টে সংযোজন করা হয়েছে।

৬.২.৩ নির্বাচিত গবেষণা প্রস্তাবনাসমূহ সংশোধন, পরিমার্জন ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনে আরো ১/২টি ওয়ার্কসপের আয়োজন করতে হবে। এ ওয়ার্কসপে নির্বাচিত গবেষণা প্রস্তাবনার সাথে সংশ্লিষ্ট গবেষক, তত্ত্বাবধায়ক এবং প্রতিষ্ঠিত গবেষকদের সমন্বয়ে বিষযভিত্তিক দল গঠন করে গবেষণা প্রস্তাবনার ত্রুটি-বিচ্যুতি দূর করে গবেষণা প্রস্তাবনা শুদ্ধ করতে হবে;

৬.২.৪ চূড়ান্ত এবং উন্নয়নকৃত গবেষণা প্রস্তাবনা ১/২টি ওয়ার্কসপের মাধ্যমে চূড়ান্তকরণ করতে হবে। এ ক্ষেত্রে গবেষকদের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে দফতর/বিভাগ/পরিকল্পনা সেক্টরের প্রতিনিধি, পরিকল্পনাবিদ এবং গবেষকদের উদ্দেশ্যে উপস্থাপন করতে হবে এবং তাদের মতামত ও সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গবেষণা প্রস্তাবনা চূড়ান্তকরণ করতে হবে;

৬.২.৫ চূড়ান্তভাবে নির্বাচিত গবেষণা প্রস্তাবনাই পর্যায়ক্রমে গবেষণা মঞ্জুরি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে এবং স্টিয়ারিং কমিটিতে অনুমোদন নিতে হবে।

৬.২.৬ প্রাথমিকভাবে নির্বাচিত ও অনির্বাচিত গবেষণা প্রস্তাবনাসমূহ কেনো নির্বাচিত হলো আর কেনো বাদ পড়ল তার কারণ উল্লেখ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৬.২.৭ নির্বাচিত গবেষণা প্রস্তাবনার অগ্রাধিকার তালিকা প্রণয়ন করতে হবে। বাৎসরিক বাজেট অনুযায়ী অগ্রাধিকার তালিকা হতে গবেষণা মঞ্জুরি প্রদান করা হবে। অগ্রাধিকার তালিকা হতে যেসব নির্বাচিত গবেষণা বাৎসরিক বাজেটে আর্থিক মঞ্জুরি সংকুলান হবে না তা পরবর্তী বছরের গবেষণা প্রস্তাবনার চাহিদা অনুযায়ী অর্থিক মঞ্জুরি প্রদান করা হবে।

## ৭. গবেষণা প্রস্তাবণা বাছাইকরণ: (এমফিল এবং পিএইচডি গবেষণা প্রস্তাবনা)

৭.১ নীতি: এমফিল এবং পিএইচডি গবেষণার প্রস্তাবনা যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটির মাধ্যমে নির্বাচন এবং এ ক্ষেত্রে একটি প্রক্রিয়া অনুসরণ করা।

৭.২ কৌশল:

৭.২.১ এমফিল এবং পিএইচডি গবেষণা প্রস্তাবনাসমূহ মূল্যায়নের জন্য একটি সুনির্দিষ্ট কমিটি গঠন করতে হবে। এ কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ের ২জন প্রতিষ্ঠিত গবেষক এবং ২জন পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং ১জন সমন্বয়ক থাকবে;

৭.২.২ এমফিল/এমএস এবং পিএইচডি গবেষণা প্রস্তাবনা অবশ্যই সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের নির্ধারিত গবেষণা ক্ষেত্রের সাথে সম্পূর্ণভাবে সঙ্গতিপূর্ণ হতে হবে;

৭.২.৩ গবেষকের গবেষণা প্রস্তাবনা (পিএইচডি) অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রেশন প্রাপ্ত হতে হবে এবং এমফিল এর ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা সরকারের অনুমতিপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রেশন প্রাপ্ত হতে হবে।

রেজিস্ট্রেশন প্রাপ্ত যেসব গবেষণার বিপরীতে যেকোনো প্রতিষ্ঠানের ফেলোশিপ মঞ্জুরি রয়েছে সেসব গবেষণা প্রস্তাবনার বিপরীতে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ অর্থ মঞ্জুরি করবে না। এ ক্ষেত্রে আবেদনকারীকে অন্য কোনো প্রতিষ্ঠান থেকে মঞ্জুরি পেয়েছে কিনা বিষয়টি তার আবেদনে উল্লেখ করতে হবে;

৭.২.৫ গবেষণা প্রস্তাবনা এসএসআরসি কর্তৃক গবেষণা প্রস্তাব আহবানের সময়কালের মধ্যে জমা প্রদান করতে হবে। গবেষণা চলছে কিংবা সমাপ্ত পর্যায়ে সেসব গবেষণা প্রস্তাবনার বিপরীতে কোনো অর্থ মঞ্জুরী প্রদান করা হবে না;

৭.২.৬ এমফিল/এমএস এবং পিএইচডি গবেষণার প্রস্তাবনা গবেষণার ক্ষেত্র নির্বাচন, বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা, গবেষণা প্রস্তাবনার কাঠামো, নীতি প্রণয়ের সাথে সম্পর্কবদ্ধতা প্রভৃতি নির্দেশক বা ইনডিকেটর সেট করে মূল্যায়ন করতে হবে। এ ইনডিকেটর (গবেষণার ক্ষেত্র নির্বাচন, বিষয়বস্তু প্রাসঙ্গিকতা, গবেষণা প্রস্তাবনার কাঠামো, নীতি প্রণয়ের সাথে সম্পর্কবদ্ধতা) গুলোকে ওয়েটেজ দিয়ে পরিমাপ করতে হবে। এ ক্ষেত্রে ৫০ নম্বরের মধ্যে প্রস্তাবনা মূল্যায়ন করতে হবে। সকল ক্যাটাগরির গবেষণা প্রস্তাবনার ন্যূনতম সাফল্য নম্বর ২৫ নির্ধারণ করতে হবে। মূল্যায়ন ছক পরিশিষ্টে সংযোজন করা হয়েছে।

**৮. মঞ্জুরি প্রদান ক্ষেত্র:**

৮.১ নীতি: পাঁচ ধরনের গবেষণা ক্ষেত্র ও গবষণা পদ্ধতির উপর প্রশিক্ষণ ইনস্টিটিউটকে সামাজিক-বিজ্ঞান গবেষণা পরিষদ আর্থিক মঞ্জুরি প্রদান করা।

৮.২. কৌশল:

পাঁচ ধরনের ক্ষেত্রে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে গবেষণা মঞ্জুরি প্রদান করে থাকে। মঞ্জুরি প্রদানের এ ক্ষেত্রসমূহ হলো-প্রোমোশনাল গবেষণা, ফেলোশিপ গবেষণা, এমফিল প্রোগ্রাম, পিএইচডি প্রোগ্রাম এবং প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ও গবেষণা।

**৯. প্রোমোশনাল গবেষণা:**

৯.১ নীতি: নির্বাচিত গবেষণার অনুকুলে সর্বাধিক ২ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে এবং কর্মকৌশল অবলম্বন করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

৯.২ কৌশল:

ধারণা: সামাজিকবিজ্ঞান সমূহের তাত্ত্বিক জ্ঞানের ব্যবহারিক প্রয়োগে গবেষণা হাতিয়ার হিসেবে ব্যবহার করা এ ধরনের গবেষণা পরিচালনা করা হয়ে থাকে। আর্থ-সামাজিক বিষয়ের ওপর গভীর অনুসন্ধানের লক্ষ্যে তরুণ গবেষক তৈরিই এ ধরনের গবেষণা কার্যক্রম পরিচালনার মূল উদ্দেশ্য;

প্রতি বছরে প্রাপ্ত এ ধরনের গবেষণা প্রস্তাবনার বিপরীতে প্রতি বছরের বরাদ্দকৃত বাজেট অনুযায়ী আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে। তবে আর্থিক সীমা অতিক্রম করলে নির্বাচিত গবেষণা প্রস্তাবনা পরবর্তী বছরের জন্য প্যানেলভুক্ত করে রাখা হবে।

৯.২.৩ প্যানেলভুক্ত গবেষক ও গবেষণা প্রস্তাবনা গবেষককে ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে;

৯.২.৪ গবেষণা প্রস্তাবনা মূল্যায়নে প্রস্তাবনার মানের নম্বরের সাথে গবেষকের অন্যান্য যোগ্যতার শর্ত সুনির্দিষ্ট ইনডিকেটর এবং নম্বর প্রতিস্থাপন করে সর্বমোট ১০০ নম্বরের মধ্যে মূল্যায়ন করা হবে;

৯.২.৫ গবেষকের যোগ্যতা: ১. এ গবেষণায় সম্পৃক্ত গবেষকের বয়স হবে অনুর্ধ্ব ৪০ বছর সরকারি কর্মকর্তার ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য; ২. গবেষককে হতে হবে তরুণ শিক্ষক, সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, ডাক্তার, পরিকল্পনাবিদ অথবা উন্নয়নকর্মী; ৩. গবেষককে সামাজিকবিজ্ঞানের শাখাসমূহ যেমন, সমাজবিজ্ঞান/সমাজকর্ম/ অর্থনীতি/ রাস্ট্রবিজ্ঞান/নৃবিজ্ঞান/ লোকপ্রশাসন/গণযোগাযোগ ও সাংবাদিকতা/নগর ও আঞ্চলিক পরিকল্পনা/কমিউনিটি মেডিসিন/পরিবেশ বিজ্ঞান/পাবলিক হেলথ/মানসিক

স্বাস্থ্য/শিক্ষাবিজ্ঞান/জনমিতি বিজ্ঞান/পপুলেশন সায়েন্স/উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, অপরাধ বিজ্ঞান/জড়াবিজ্ঞান/ব্যবহারিক বিজ্ঞান প্রভৃতি বিষয়ে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। ৪. গবেষণা কার্যক্রম পরিচালনার জ্ঞান, দক্ষতা এবং কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ ক্ষেত্রে থিসিস গ্রুপের স্নাতোকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে (বিশ্ববিদ্যালয় পর্যায়ে বা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে গবেষণার ওপর টার্ম পেপার/এসাইনমেন্ট জ্ঞান, দক্ষতা হিসেবে গণ্য হবে)। ৫. গবেষকের উপর্যুক্ত বিষয়সমূহের ওপর কমপক্ষে স্নাতক/প্রযোজ্য ক্ষেত্রে স্নাতকত্তোর (এমএ/এমএসএস/ এমকম/এমবিবিএস/বিএসসি ইঞ্জিনিয়ারিং) থাকতে হবে;

৯.২.৬ গবেষণা মঞ্জুরির পরিমান ও গবেষণা কার্যকাল: সর্বাধিক ২ লক্ষ টাকা মাত্র। গবেষণা কার্যক্রম শুরু হতে সর্বোচ্চ সীমা ১ বছর পর্যন্ত। গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক মঞ্জুরি গবেষণা প্রস্তাবনা বাছাই কমিটি নির্ধারণ করবে। গবেষণা মঞ্জুরির অর্থ দুটি কিস্তিতে প্রদান করা হবে। প্রথম কিস্তি (৩০%) গবেষণা কার্যক্রমের মধ্যবর্তী সময়ে অর্থাৎ প্রথম ওয়ার্কসপ প্রদানের শেষে অন্য কিস্তিটি (৭০%) চূড়ান্তভাবে জমাদান ও মূল্যায়ন রিপোর্ট চূড়ান্তভাবে গ্রহণের পরে।

৯.২.৭ প্রোমোশনাল গবেষণা পরিচালনা সামাজিকবিজ্ঞান সংশ্লিষ্ট কোনো প্রতিষ্ঠিত গবেষণা ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয়ের বিভাগ এবং প্রশিক্ষণ ইনস্টিটিউটের অভিজ্ঞ গবেষক শিক্ষক বা যোগ্যতা সম্পন্ন পিএইচডি ডিগ্রিধারী সরকারি কর্মকর্তা বা গবেষণা কর্মে দক্ষ কর্মকর্তার অধীন পরিচালিত হবে। এ ক্ষেত্রে তারা তত্ত্বাবধায়ক এবং সহযোগী তত্ত্বাবধায়ক হিসেবে নিয়োগ পাবেন এবং এসএসআরসির নির্ধারিত হরে সম্মানী পাবেন;

যেসব গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট সামাজিক গবেষণা পদ্ধতির ওপর প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করে থাকে সেসব প্রতিষ্ঠানসমূহ প্রোমোশনাল গবেষণা পরিচালনার জন্য যোগ্য প্রশিক্ষণার্থীর অনধিক ৫টি গবেষণা প্রস্তাবনা চাহিদা অনুযায়ী জমা দিতে পারেন এবং পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক নিয়োগ করতে পারেন। তত্ত্বাবধায়কগণ এসএসআরসির নিয়ম-নীতি অনুযায়ী সম্মানী পাবেন;

৯.২.৮ যেসব গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট সামাজিক গবেষণা পদ্ধতির ওপর প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করে থাকে সেসব প্রতিষ্ঠানসমূহ প্রোমোশনাল গবেষণা পরিচালনার জন্য যোগ্য প্রশিক্ষণার্থীর অনধিক ৫টি গবেষণা প্রস্তাবনা চাহিদা অনুযায়ী জমা দিতে পারেন এবং পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক নিয়োগ করতে পারেন। তত্ত্বাবধায়কগণ এসএসআরসির নিয়ম-নীতি অনুযায়ী সম্মানী পাবেন;

৯.২.৯ নির্বাচিত গবেষণা প্রস্তাবনার জন্য ছোট পরিসরে (১৫-২০ জন) প্রাসঙ্গিক অংশগ্রহণকারীর উপস্থিতিতে একটি সেমিনার/ওয়ার্কসপ এবং গবেষণা কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে একটি সেমিনার/ওয়াকর্সপ প্রদান করতে হবে। এ ওয়ার্কসপ ব্যয় মঞ্জুরিকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থাকবে। এ ব্যয়ের একটি বাজেট নক্সা সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ সরবরাহ করবে;

৯.২.১০ এ গবেষণার জন্য তথ্য সংগ্রহ থেকে বিশ্লেষণ কার্যক্রম এবং রিপোর্ট প্রণয়ন গবেষক নিজেই পরিচালনা করবেন। প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা সহকারী নিয়োগ করতে পারবেন।

৯.২.১১ গবেষকের গবেষণা কার্যক্রম পরিচালনাকালীন যেকোনো সময় পরিকল্পনা বিভাগ এর মনোনীত যে কোনো কর্মকর্তা এ কার্যক্রম মনিটরিং করতে পারবেন। এ মনিটরিং ব্যয়ের যাবতীয় খরচ সরকারি খাত হতে নির্বাহ হবে।

৯.২.১২ কোনো প্রোমোশনাল গবেষক এ প্রকৃতির মঞ্জুরি একবারের অধিক গ্রহণ করতে পারবেন না।

৯.২.১৩ গবেষণা কার্যক্রম শুরু করে নিয়ন্ত্রণের বাইরের কারণ ব্যতীত কোনোভাবে বিরতি দিতে পারবেন না। গবেষণা কার্যক্রম পরিচালনায় অপারগ হলে সম্পূর্ণ মঞ্জুরিকৃত অর্থ ফেরত দানে বাধ্য থাকতে হবে।

৯.২.১৪ এ গবেষণা পরিচালনায় গবেষকের এবং জামানতকারীর সাথে চুক্তি পত্র করতে হবে। চুক্তি পত্র এসএসআরসি সরবরাহ করবে;

৯.২.১৫ গবেষণা শেষ হলে গবেষণা প্রতিবেদনের কপি বাঁধাই করে ৫ কপি জমা প্রদান করতে হবে। এর মধ্যে ১ কপি রঙ্গীণ প্রিন্ট করে জমা দিতে হবে। গবেষণার সফট কপি সংরক্ষণের জন্য একটি সিডি জমা প্রদান করতে হবে;

৯.২.১৬ প্রোমোশনাল গবেষণা জাতীয় নীতি প্রণয়নে অবদান রাখলে সে গবেষণায় গবেষককে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ হতে সনদ প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে গবেষণাটি কোনো অথেনটিক জার্নালে প্রকাশিত হতে হবে।

## ১০. ফেলোশিপ গবেষণা:

১০.১. নীতি: নির্বাচিত গবেষণার অনুকূলে সর্বাধিক ৬ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে এবং কর্মকৌশল অবলম্বন করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা ।

১০.২ কৌশল:

১০.২.১ ধারণা: আর্থ-সামজিক ক্ষেত্রে নির্ধারিত বিষয়ের ওপর গভীর অনুসন্ধানমূলক পরিচালিত গবেষণাই এ প্রকৃতির গবেষণা;

১০.২.২ প্রতি বছরে প্রাপ্ত এ ধরনের গবেষণা প্রস্তাবনার বিপরীতে বরাদ্দকৃত বাজেট অনুযায়ী আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে । তবে আর্থিক সীমা অতিক্রম করলে নির্বাচিত গবেষণা প্রস্তাবনা পরবর্তী বছরের জন্য প্যানেলভুক্ত করে রাখা হবে এবং চাহিদানুযায়ী বাছাই প্রক্রিয়ায় আনতে হবে;

১০.২.৩ গবেষকের যোগ্যতা: গবেষককে যোগ্যতা সম্পন্ন সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক গবেষক, সমাজবিজ্ঞানী, অর্থনীতিবিদ, রাষ্ট্রবিজ্ঞানী, নৃবিজ্ঞানী, সামাজিক গবেষণামূলক প্রতিষ্ঠানে কর্মরত গবেষক হতে হবে । গবেষকের বিষয়সংশ্লিষ্ট অথেনটিক আন্তর্জাতিক/দেশীয় জার্নালে প্রকাশিত গবেষণা পেপার থাকতে হবে । গবেষকের অধীন এমফিল/ এমএস/পিএইচডি প্রোগ্রামের গবেষণা কার্যক্রম পরিচালিত হয়েছে এমন যোগ্যতা ও দক্ষতা থাকতে হবে। গবেষককে সামাজিকবিজ্ঞানের শাখাসমূহ যেমন, সমাজবিজ্ঞান/সমাজকর্ম/অর্থনীতি/ রাস্ট্রবিজ্ঞান/নৃবিজ্ঞান/ লোকপ্রশাসন/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ আন্তর্জাতিক সম্পর্ক/নগর ও আঞ্চলিক পরিকল্পনা/ কমিউনিটি মেডিসিন/ পরিবেশ বিজ্ঞান/ পাবলিক হেলথ/ মানসিক স্বাস্থ্য/ শিক্ষাবিজ্ঞান/ জেন্ডার স্টাডিজ/ দুর্যোগ ব্যবস্থাপনা/ ব্যবহারিক বিজ্ঞান প্রভৃতি বিষয়ে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে । এ ধরনের গবেষণায় গবেষকের এমফিল/পিএইচডি ডিগ্রি/ অথবা গবেষণা কার্যক্রমের সাথে কমপক্ষে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি কর্মকর্তাদের বেলায় যাদের পিএইচডি/এমফিল ডিগ্রি রয়েছে তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য;

১০.২.৪ গবেষণা মঞ্জুরির পরিমান ও গবেষণা কার্যকাল: সর্বোচ্চ ৬ লক্ষ টাকা এবং শুরু হতে ২ বছর পর্যন্ত । গবেষণার জন্য অর্থিক মঞ্জুরি গবেষণা প্রস্তাবনা বাছাই কমিটি গবেষণা পদ্ধতি পরিচালনার ওপর বিচার বিশ্লেষণ করে নির্ধারণ করবেন । গবেষণা মঞ্জুরির অর্থ দুটি কিস্তিতে প্রদান করা হবে । প্রথমটি (৩০%) গবেষণা কার্যক্রমের মধ্যবর্তী সময়ে অর্থাৎ প্রথম ওয়ার্কসপ প্রদানের শেষে অন্যটি (৭০%) চূড়ান্তভাবে জমাদান এবং মূল্যায়ন রিপোর্টের পরে;

১০.২.৫ এ ধরনের গবেষণা পরিচালনায় গবেষককে স্বাধীনভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে;

১০.২.৬ গবেষণা কার্যক্রম পরিচালনার মাঝ পর্যায়ে ছোট পরিসরে গবেষণা বিষয়বস্তুর সাথে সম্পৃক্ত অংশগ্রহণকারীর উপস্থিতিতে (২০-২৫ জন) একটি ওয়ার্কসপ এবং গবেষণা কার্যক্রম চূড়ান্ত পর্যায়ের পূর্বে একটি ওয়াকর্সপ প্রদান করতে হবে । এ ওয়ার্কসপ ব্যয় মঞ্জুরিকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থাকবে। এ ব্যয়ের একটি বাজেট নক্সা সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ সরবরাহ করবে;

১০.২.৭ গবেষণার জন্য তথ্য সংগ্রহ থেকে বিশ্লেষণ কার্যক্রম এবং রিপোর্ট প্রণয়ন পর্যন্ত গবেষক দক্ষ অনুসন্ধানী, নিয়োগ করে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

১০.২.৮ গবেষকের গবেষণা কার্যক্রম পরিচালনাকালীন যেকোনো পর্যায়ে পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট কাজে দক্ষ ও যোগ্য যে কোনো কর্মকর্তা এ কার্যক্রম মনিটরিং করবেন। এ মনিটরিং ব্যয়ের যাবতীয় খরচ সরকারি খাত হতে নির্বাহ হবে;

১০.২.৯ ফেলোশিপ গবেষক এ প্রকৃতির মঞ্জুরি একটি চলাকালীন আর একটির জন্য আবেদন এবং পরিচালনা করতে পারবেন না।

১০.২.১০ এ গবেষণা কার্যক্রম শুরু করে গবেষকের নিয়ন্ত্রণের বাইরের কারণ ব্যতীত কোনোভাবে বিরতি দিতে পারবে না। গবেষণা কার্যক্রম পরিচালনায় অপারগ হলে সম্পূর্ণ মঞ্জুরিকৃত অর্থ ফেরতদানে বাধ্য থাকতে হবে;

১০.২.১১ এ গবেষণা পরিচালনায় গবেষক ও জামানতকারীর সাথে চুক্তি পত্র করতে হবে। চুক্তিপত্র এসএসআরসি সরবরাহ করবে। সরকারী চাকরীজীবীর ক্ষেত্রে এনওসি (NOC) প্রয়োজন হবে।

১০.২.১২ গবেষণা শেষ হলে গবেষণা প্রতিবেদনের কপি বাঁধাই করে ৫ কপি জমা প্রদান করতে হবে। এর মধ্যে ১ কপি রঙ্গীণ প্রিন্ট জমা দিতে হবে। গবেষণার সফট কপি সংরক্ষণের জন্য একটি সিডি জমা প্রদান করতে হবে।

১০.২.১৩ ফেলোশিপ গবেষণা জাতীয় নীতি প্রণয়ন ও পরিকল্পনায় অবদান রাখলে সে গবেষণায় গবেষককে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ হতে সনদ প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে গবেষণাটি কোনো অথেনটিক জার্নালে প্রকাশিত হতে হবে।

## ১১. এমফিল প্রোগ্রাম:

১১.১. নীতি: নির্বাচিত গবেষণার অনুকুলে সর্বাধিক ২ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান এবং কর্মকৌশল অবলম্বন করে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে;

১১.২ কৌশল:

১১.২.১ সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক প্রচারিত গবেষণার জন্য নির্ধারিত বিষয়বস্তুর ওপর যারা ইতোমধ্যে বাংলাদেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/গবেষণা ইনস্টিটিউট থেকে এমফিল রেজিষ্ট্রেশন লাভে সক্ষম হয়েছেন এবং উপযুক্ত তত্ত্বাবধায়ক কর্তৃক প্রত্যয়িত হয়েছেন কেবল তারাই এ প্রকৃতির আর্থিক মঞ্জুরি পাওয়ার জন্য আবেদন করতে পারবেন;

১১.২.২ গবেষকের যোগ্যতা: গবেষককে অবশ্যই কৃষিবিদ, আইনজীবী সংশ্লিষ্ট বিষয়ে স্নতক/প্রত্যেক শেষে স্নাকোত্তর উত্তীর্ণ শিক্ষার্থী সরকারি কর্মকর্তা, শিক্ষক, ডাক্তার, পরিকল্পনাবিদ, উন্নয়ন কর্মী এবং সংবাদকর্মী হতে হবে;

১১.২.৩ এ প্রকৃতির গবেষণা মঞ্জুরির পরিমান সর্বোচ্চ ২ লক্ষ টাকা। দুটি কিস্তিতে এ টাকা তত্ত্বাবধায়কের প্রোগ্রেস রিপোর্টের ভিত্তিতে প্রদান করা হবে। প্রথম কিস্তি (৪০%) গবেষণা কার্যক্রম পরিচালনার মধ্যবর্তী সময়ে এবং অন্যটি (৬০%) চূড়ান্তভাবে রিপোর্ট জমাদান এবং ডিগ্রি অর্জনের পরে;

১১.২.৪ এ প্রকৃতির গবেষণা পরিচালনার শেষ পর্যায়ে একটি ওয়াকর্সপ প্রদান করতে হবে। এ ওয়ার্কসপের ব্যয় মঞ্জুরিকৃত অর্থ হতে নির্বাহ করা হবে;

১১.২.৫ গবেষণা কার্যক্রম চলাকালীন যেকোনো সময় পরিকল্পনা বিভাগ/ কমিশনের সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও যোগ্য কর্মকর্তা গবেষণা কার্যক্রম মনিটরিং করতে পারবেন।

১১.২.৬ এ গবেষণা কার্যক্রম গবেষক নিজেই তার মূল তত্ত্বাবধায়কের সম্মতিতে স্বাধীনভাবে পরিচালনা করবেন;

১১.২.৭ এমফিল গবেষক এ প্রকৃতির মঞ্জুরি একটি চলাকালীন আর একটির জন্য (অন্য প্রকৃতির যেমন প্রোমোশনাল/ফেলোশিপ/প্রাতিষ্ঠানিক গবেষণা) আবেদন এবং পরিচালনা করতে পারবেন না। তবে গবেষণা চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়েছেন এবং ওয়ার্কসপে উপস্থাপন করেছেন সে ক্ষেত্রে দ্বিতীয়বার আবেদন করতে পারবেন।

১১.২.৮ এ গবেষণা কার্যক্রম শুরু করে নিয়ন্ত্রণের বাইরে কোনো কারণ ব্যতীত কোনোভাবে বিরতি দিতে পারবে না। গবেষণা কার্যক্রম পরিচালনায় অপারগ হলে সম্পূর্ণ মঞ্জুরিকৃত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকতে হবে;

১১.২.৯ এ গবেষণা পরিচালনায় গবেষক এবং জামানতকারীর সাথে চুক্তিপত্র করতে হবে। চুক্তিপত্র এসএসআরসি সরবরাহ করবে;

১১.২.১০ গবেষণা শেষ হলে গবেষণা প্রতিবেদনের কপি বাঁধাই করে ৫ কপি জমা প্রদান করতে হবে। তবে এক কপি রঙ্গিন প্রিন্ট জমা দিতে হবে। গবেষণার সফট কপি সংরক্ষণের জন্য একটি সিডি জমা প্রদান করতে হবে। গবেষণার সার সংক্ষেপ আরাদাভাবে সফট এবং হার্ড কপি জমা প্রদান করতে হবে;

১১.২.১১ এমফিল/এমএস গবেষণা পিএইচডিতে রূপান্তরিত করা হলে আগেই এসএসআরসিতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জ্ঞাত করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে চুক্তি পত্র পরিবর্তন করতে হবে;

১১.২.১২ এ গবেষণা জাতীয় নীতি প্রণয়ন ও পরিকল্পনায় অবদান রাখলে সে গবেষণায় গবেষককে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ হতে সনদ প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে গবেষণাটি কোনো অথেনটিক জার্নালে প্রকাশিত হতে হবে।

১১.২.১৩ মেয়াদ বাড়ালে প্রয়োজন হলে মেয়াদ শেষে হবার পূর্বেই আবেদন করতে হবে। গবেষণার শিরোনাম পরিবর্তন হলে শিরোনাম গ্রহণের জন্য আবেদন করতে হবে। এবং এক্ষেত্রে পুন:চুক্তি করতে হবে।

## ১২. পিএইচডি প্রোগ্রাম:

১২.১. নীতি: নির্বাচিত গবেষণার অনুকুলে সর্বাধিক ৪ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে এবং কর্মকৌশল অবলম্বন করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

১২.২. কৌশল:

১২.২.১ সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক প্রচারিত গবেষণার জন্য নির্ধারিত বিষয়বস্তুর ওপর যারা ইতোমধ্যে বাংলাদেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/গবেষণা ইনস্টিটিউট থেকে পিএইচডি রেজিস্ট্রেশনলাভে সক্ষম হয়েছেন এবং উপযুক্ত তত্ত্ববধায়ক কর্তৃক প্রত্যয়িত হয়েছেন কেবল তারাই এ প্রকৃতির মঞ্জুরি পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

১২.২.২ গবেষকের যোগ্যতা: গবেষককে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/প্রযোজ্য ক্ষেত্রে স্নাতোকত্তর উত্তীর্ণ শিক্ষার্থী, সরকারি কর্মকর্তা, শিক্ষক, ডাক্তার, প্রকৌশলী,কৃষিবিদ আইনজীবী, পরিকল্পনাবিদ, উন্নয়নকর্মী এবং সংবাদকর্মী হতে হবে।

১২.২.৩ এ প্রকৃতির গবেষণা মঞ্জুরির পরিমান সর্বোচ্চ ৪ লক্ষ টাকা। দুটি কিস্তিতে এ টাকা তত্ত্বাবধায়কের প্রোগ্রেস রিপোর্টের ভিত্তিতে প্রদান করা হবে। একটি কিস্তি গবেষণা কার্যক্রম পরিচালনার মধ্যবর্তী সময়ে (৪০%) এবং অন্যটি (৬০%) চূড়ান্তভাবে রিপোর্ট জমাদান এবং ডিগ্রি অর্জনের পরে।

১২.২.৪ এ প্রকৃতির গবেষণা পরিচালনার শেষ পর্যায়ে একটি ওয়াকর্সপ প্রদান করতে হবে। এ ওয়াকর্সপের ব্যয় মঞ্জুরিকৃত অর্থ হতে গবেষক সঞ্চালন করবেন।

১২.২.৫ গবেষণা কার্যক্রম চলাকালীন যেকোনো সময় পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা গবেষণা কার্যক্রম মনিটরিং করতে পারবেন।

১২.২.৬ এ গবেষণা কার্যক্রম গবেষক নিজেই স্বাধীনভাবে পরিচালনা করবেন।

১২.২.৭ পিএইচডি গবেষক এ প্রকৃতির মঞ্জুরি একটি চলাকালীন আর একটির জন্য (ফেলোশিপ/ প্রাতিষ্ঠানিক, প্রোমোশনাল) আবেদন এবং পরিচালনা করতে পারবেন না।

১২.২.৮ এ গবেষণা কার্যক্রম শুরু করে নিয়ন্ত্রণের বাইরের কোনো কারণ ব্যতীত কোনোভাবে বিরতি দিতে পারবে না। গবেষণা কার্যক্রম পরিচালনায় অপারগ হলে সম্পূর্ণ মঞ্জুরিকৃত অর্থ ফেরত দানে বাধ্য থাকতে হবে।

১২.২.৯ এ গবেষণা পরিচালনায় গবেষক ও জামানতকারীর সাথে চুক্তিপত্র করতে হবে। চুক্তিপত্র এসএসআরসি সরবরাহ করবে।

১২.২.১০ গবেষণা শেষ হলে গবেষণা প্রতিবেদনের কপি বাঁধাই করে ৫ কপি জমা প্রদান করতে হবে। এর মধ্যে ১ কপি রঙ্গিণ প্রিন্ট  এবং এর সফট কপি সংরক্ষণের জন্য একটি সিডিতে জমা প্রদান করতে হবে।

১২.২.১১ এ গবেষণা জাতীয় নীতি প্রণয়ন ও পরিকল্পনায় অবদান রাখলে সে গবেষণায় গবেষককে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ হতে সনদ প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে  গবেষণাটি কোনো অথেনটিক জার্নালে প্রকাশিত হতে হবে।

১২.২.১২ মেয়াদ বাড়ালে প্রয়োজন হলে মেয়াদ শেষে হবার পূর্বেই আবেদন করতে হবে। গবেষণার শিরোনাম পরিবর্তন হলে শিরোনাম গ্রহণের জন্য আবেদন করতে হবে। এবং এক্ষেত্রে পুন:চুক্তি করতে হবে।

**১৩. প্রাতিষ্ঠানিক গবেষণা:**

১৩.১ নীতি: নির্বাচিত গবেষণার অনুকূলে সর্বাধিক ১০ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে এবং কর্মকৌশল অবলম্বন করে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

১৩.২ কৌশল:

১৩.২.১ সাধারণ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভাগ, জাতীয় গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, জাতীয় শিক্ষামূলক প্রতিষ্ঠান, মেডিকেল কলেজের বিভাগ, সরকারি কলেজের বিভাগ, বেসরকারি বিশ্ববিদ্যালয়, স্বীকৃত বেসরকারি সংস্থার অধীন প্রতিষ্ঠিত এবং রেজিস্ট্রেশনকৃত গবেষণাধর্মী প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিক গবেষণার আওতার্ভূক্ত

১৩.২.২ এসব প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই জাতীয় নীতি প্রণয়ন, পরিকল্পনা প্রণয়ন, গবেষণা কার্যক্রম পরিচালনার সাথে সম্পৃক্ত হতে হবে।

১৩.২.৩ এসব প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই পঞ্চবার্ষিক/ বাংলাদেশ উন্নয়ন পরিকল্পনা (বিডিপি)-২১০০ অর্জনের সাথে সম্পৃক্ত হতে হবে;

১৩.২.৪ এসব প্রতিষ্ঠানের অবশ্যই একটা সুসংবদ্ধ কাঠামো থাকতে হবে। জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে অবদান থাকতে হবে এবং গবেষণা কার্যক্রম পরিচালনায় দক্ষ জনবল থাকতে হবে;

১৩.২.৫ এসব প্রাতিষ্ঠানিক গবেষণার জন্য আর্থিক মঞ্জুরির আবেদনের যোগ্যতার ক্ষেত্রে অবশ্যই উপর্যুক্ত শর্ত ও গবেষণা পরিচালনার জন্য প্রতিষ্ঠিত গবেষক অর্থাৎ যাদের পিএইচডি/এমফিল/এমএস কিংবা দীর্ঘকালীন গবেষণা কাজের অভিজ্ঞতা ও যোগ্যতা প্রাতিষ্ঠানিক প্রকাশিত গবেষণা প্রতিবেদন রয়েছে এমন দক্ষজনবল কাঠামো থাকতে হবে;

১৩.২.৬ গবেষণা পরিচালনার জন্য প্রাতিষ্ঠানিক সকল সুযোগ সুবিধা রয়েছে কিনা তা যাচাই করার জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক যোগ্য মনোনীত প্রতিনিধি/প্রতিনিধি দল প্রেরণ করতে হবে। উক্ত প্রতিনিধি/প্রতিনিধি দলের প্রদানকৃত একটি প্রত্যয়ন প্রাতিষ্ঠানিক সক্ষমতা প্রমাণের জন্য প্রাতিষ্ঠানিক গবেষণা মঞ্জুরির আবেদনের সাথে জমা প্রদান করতে হবে;

১৩.২.৭ গবেষণা প্রস্তাবনা জমাদানে প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিইট, গবেষণা ইনস্টিটিটিউট ক্ষেত্রে প্রশাসনিক প্রধান)/ইউএনও/জেলা প্রশাসকের একটি প্রত্যয়ন পত্র থাকতে হবে;

১৩.২.৮ প্রাতিষ্ঠানিক গবেষণায় প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা ও জবাবদিহিতা থাকবে এবং গবেষণা কার্যক্রমে প্রতিষ্ঠান প্রধানের সংশ্লিষ্টতা থাকতে হবে;

১৩.২.৯ পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত তত্ত্বাবধায়ক গবেষণাটি পরিবীক্ষণ করবেন;

১৩.২.১০ প্রাতিষ্ঠানিক গবেষণার জন্য আর্থিক মঞ্জুরির পরিমান সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পর্যন্ত। মঞ্জুরিকৃত এ অর্থ চারটি সমান কিস্তিতে প্রদান করতে হবে। এ বিষয়ে গবেষণা সম্পাদনের সময়কাল চুক্তি সম্পাদনের সময় হতে ২ বছর পর্যন্ত;

১৩.২.১১ প্রাতিষ্ঠানিক গবেষণার প্রস্তাবনা, গবেষণার মধ্য পর্যায় ও চূড়ান্ত পর্যায়ে তিনটি ওয়ার্কসপ পরিচালনা করতে হবে। এ ওয়ার্কসপের ব্যয় গবেষণার জন্য মঞ্জুরিকৃত অর্থ হতে পরিচালিত হবে। গবেষণা মঞ্জুরি প্রাপ্তির পর প্রতিষ্ঠানটিকে এতদসংক্রান্ত সকল লেনদেনের জন্য পৃথক নিরীক্ষিত একাউন্ট রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৩.২.১২ সকল লেনদেন বাংলাদেশের কোনো সিডিউল ব্যাংক এর একাউন্টের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে এবং ব্যাংক একাউন্ট প্রধান গবেষকের (দ্বিতীয় পক্ষ হিসেবে যিনি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে চুক্তিনামায় স্বাক্ষর করবেন) স্বাক্ষরে পরিচালিত হতে হবে। যদি প্রধান গবেষক নিজে প্রতিষ্ঠান প্রধান হন সেক্ষেত্রে উক্ত প্রধান গবেষক এবং ঐ প্রতিষ্ঠানের হিসাবনিকাশ রক্ষণের দায়িত্বে নিয়োজিত কোনো কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;

১৩.২.১২ সকল লেনদেন বাংলাদেশের কোনো সিডিউল ব্যাংক এর একাউন্টের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে এবং ব্যাংক একাউন্ট প্রধান গবেষকের (দ্বিতীয় পক্ষ হিসেবে যিনি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে চুক্তিনামায় স্বাক্ষর করবেন) স্বাক্ষরে পরিচালিত হতে হবে। যদি প্রধান গবেষক নিজে প্রতিষ্ঠান প্রধান হন সেক্ষেত্রে উক্ত প্রধান গবেষক এবং ঐ প্রতিষ্ঠানের হিসাবনিকাশ রক্ষণের দায়িত্বে নিয়োজিত কোনো কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;

১৩.২.১৩ গবেষণা শেষ হলে গবেষণা প্রতিবেদনের কপি বাঁধাই করে ০৮ কপি জমা প্রদান করতে হবে। এক কপি রঙ্গিণ জমা দিতে হবে। গবেষণার সফট কপি সংরক্ষণের জন্য একটি সিডিতে জমা প্রদান করতে হবে।

১৩.২.১৪ এ গবেষণা জাতীয় নীতি প্রণয়ন ও পরিকল্পনায় অবদান রাখলে সে গবেষণায় গবেষককে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ হতে সনদ প্রদান করা হবে। তবে এ ক্ষেত্রে গবেষণাটি কোনো অথেনটিক জার্নালে প্রকাশিত হতে হবে;

**১৪. প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:**

১৪.১ নীতি: নির্বাচিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুকূলে সর্বাধিক ৫ লক্ষ টাকা আর্থিক মঞ্জুরি প্রদান করা হবে এবং নির্ধারিত কর্মকৌশল অবলম্বন করে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে;

১৪.২ কৌশল:

১৪.২.১ সামাজিক গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কেবল সেসব প্রতিষ্ঠান প্রদান করতে পারবে যেসব প্রতিষ্ঠানের দক্ষ ও প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক রয়েছে/দক্ষ ও প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক বাহির থেকে সংযুক্ত করেও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবে;

১৪.২.২ এসব প্রতিষ্ঠান হতে হবে বিশ্ববিদ্যালয়ের সামাজিকবিজ্ঞান অনুষদের অধীন কোনো প্রশিক্ষণ ইনস্টিটিউট, বিভাগ, গবেষণা ইনস্টিটিউট বা সরকারি বা বেসরকারিভাবে প্রতিষ্ঠিত প্রশিক্ষণ ইনস্টিটিউট/মন্ত্রণালয়ের কোনো বিভাগ;

১৪.২.৩ এসব প্রতিষ্ঠান প্রশিক্ষণ পরিচালনায় নিজস্ব দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা অথবা দক্ষ প্রশিক্ষক নিয়োগ করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবে;

১৪.২.৪ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে আর্থিক মঞ্জুরির জন্য আবেদনের সাথে প্রতিষ্ঠান, প্রশিক্ষকের বিস্তারিত তথ্য, প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞতা এবং প্রশিক্ষণ ম্যানুয়াল জমা প্রদান করতে হবে;

১৪.২.৫ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা ও জবাবদিহিতা থাকবে এবং প্রতিষ্ঠান প্রধানের সংশ্লিষ্টতা থাকতে হবে।

১৪.২.৬ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে আর্থিক মঞ্জুরি প্রদানের পূর্বে এসএসআরসির কর্মকর্তা/প্রতিনিধি প্রশিক্ষণ প্রতিষ্ঠান পরিদর্শন করবেন। কেবল প্রাতিষ্ঠানিক যোগ্যতার শর্ত পূরণ হলেই আর্থিক মঞ্জুরির জন্য যোগ্যতা অর্জন করবে;

১৪.২.৭ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য সর্বোচ্চ অর্থিক মঞ্জুরির পরিমান ৫ লক্ষ টাকা। এ মঞ্জুরির অর্থ এককালীন/দুটি ধাপে সমান কিস্তিতে প্রদান করা হবে;

১৪.২.৮ এসব প্রতিষ্ঠানের উৎপাদিত দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষণার্থী প্রোমোশনাল গবেষণার জন্য গবেষণা প্রস্তাবনা এসএসআরসির নিয়ম-নীতি মেনে জমা দিতে পারবে। তবে এ ক্ষেত্রে নির্বাচিত গবেষণা প্রস্তাবনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অভিজ্ঞ ও দক্ষ প্রশিক্ষক/অধ্যাপক তত্ত্বাবধান করতে পারবেন। তবে এ ক্ষেত্রে সহযোগী তত্ত্বাবধায়ক হিসেবে পরিকল্পনা বিভাগের দক্ষ ও যোগ্য কর্মকর্তা সংশ্লিষ্ট থাকতে পারবেন;

১৪.২.৯ এ প্রশিক্ষণ পরিচালনাকালীন এসএসআরসির মনোনীত প্রতিনিধিবৃন্দ পরিবীক্ষণ করবেন এবং মূল্যায়ন রিপোর্ট প্রণয়ন করবেন; এ ক্ষেত্রে পরিবীক্ষণ সম্মানী মঞ্জুরিকৃত অর্থ হতে প্রদান করতে হবে;

১৪.২.১০ প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণ ম্যানুয়ালের ৫ কপি (বাঁধাইকৃত) এবং সংশ্লিষ্ট বিল ভাউচার এসএসআরসিতে জমা প্রদান করতে হবে।

## ১৫. গবেষণা প্রতিবেদন মূল্যায়নঃ

১৫.১. মূল্যায়ন কমিটির গঠনঃ গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য বিষয়ভিত্তিক একটি মূল্যায়ন প্যানেল প্রণয়ন করতে হবে। চাহিদার পরিপ্রেক্ষিতে এই প্যানেলে সদস্য সংযোজিত করার ক্ষমতা এসএসআরসি সংরক্ষণ করবে। প্রতি বছর এই প্যানেলের সদস্য প্রয়োজনের তাগিদে এসএসআরসি সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করবে;

১৫.২. মূল্যায়নকারীর প্যানেল নির্বাচনে স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদন থাকতে হবে।

১৫.৩. মূল্যায়ন কমিটির সদস্যদের যোগ্যতাঃ মূল্যায়ন কমিটির সদস্যকে অবশ্যই সামাজিক-বিজ্ঞান অনুষদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠিত গবেষক/বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, যোগ্যতা সম্পন্ন সরকারি কর্মকর্তা, যাদের আন্তর্জাতিক পর্যায়ে গবেষণা পেপার রয়েছে এবং গবেষণার প্রতি বিশেষ প্রবনতা রয়েছে এমন ব্যক্তি হতে হবে।

১৫.৪. মূল্যায়নকারী সদস্যদের দায়িত্বঃ গবেষণা প্রতিবেদন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ তিন সপ্তাহের মধ্যে মূল্যায়ন রিপোর্ট জমা দিতে হবে। কোনো কারণে মূল্যায়ন করতে অপরগতা প্রকাশ করলে তা অবশ্যই গ্রহণের তারিখের পরে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানাতে হবে এবং ফেরত পাঠাতে হবে। মূল্যায়নকারীকে নির্ধারিত ছক অনুযায়ী মূল্যায়ন করতে হবে। মূল্যায়ন ছক পরিশিষ্টে সংযোজন করা হয়েছে।

## ১৬. গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ:

১৬.১. প্রশিক্ষণ ও গবেষণা পরিবীক্ষণ কমিটি: গবেষণা পরিবীক্ষণের জন্য একটি কমিটি গঠন করতে হবে। এ কমিটিতে এসএসআরসি, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন এর কর্মকর্তা অন্তভূক্ত থাকবেন;

১৬.২. প্রশিক্ষণ ও গবেষণা পরীবিক্ষণ কমিটির দায়িত্ব: এ কমিটির সদস্যগণ গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত ছক অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যক্রম ও অন্যান্য স্তরের কার্যক্রম পরিবীক্ষণ করবেন;

১৬.৩. প্রশিক্ষণ ও গবেষণা পরীবিক্ষণ কমিটির সম্মানী ও ভাতা: এ কমিটির সদস্যগণ প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরীবিক্ষণে সংশ্লিষ্ট কর্মকর্তার দৈনিকভাতার দ্বিগুন টাকা সম্মানী এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক টিএ, ডিএ ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন;

## ১৭. গবেষণা ফলাফল উপস্থাপন :

১৭.১. সকল প্রকৃতির গবেষণা সেমিনার/ওয়ার্কসপ আয়োজন করে উপস্থাপনের উদ্যোগ নিতে হবে;

১৭.২. এ ক্ষেত্রে সেমিনার/ওয়ার্কসপে অংশগ্রহণকারীদের যৌক্তিক মতামত চূড়ান্ত প্রতিবেদনে সংযোজন করতে হবে;

১৭.৩. ফলাফল উপস্থাপনের জন্য ভ্যেনু নির্বাচন এবং অন্যান্য কর্ম পরিকল্পনা গবেষক এবং এসএসআরসির সংশ্লিষ্ট উভয়ের সিদ্ধান্ত অনুয়ায়ী পরিচালিত হবে;

## ১৮. ওয়ার্কসপ এবং সেমিনার পরিচালনার নিয়ম-নীতি:

১৮.১. ক্যাটাগরিভিত্তিক ওয়ার্কসপ/সেমিনার আয়োজন ও পরিচালনা কমিটির গঠন: সুনির্দিষ্ট সংখ্যক সদস্য বিশিষ্ট কমিটি হবে; এসএসআরসি ও পরিকল্পনা বিভাগের কর্মকর্তা নিয়ে এ কমিটি গঠিত হবে;

১৮.২. অংশগ্রহণকারীর সংখ্যা ও যোগ্যতা: সংশ্লিষ্ট ক্ষেত্রে জ্ঞান ও দক্ষতা সম্পন্ন কর্মকর্তা, পরিকল্পনাবিদ, বিশ্ববিদ্যালয়/ কলেজ শিক্ষক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, অবসর প্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তা, গবেষকের তত্ত্বাবধায়ক ও ১ জন সহকারীসহ সর্বোচ্চ ৫০ জন;

১৮.৩. অন্যান্য: গবেষকের বিল উপস্থাপনে অবশ্যই প্রাসঙ্গিক খরচের প্রকৃত হিসাব (গবেষকের সম্মানী, যাতায়ত ভাতা, তথ্যসংগ্রহকারী ভ্রমন ভাতা ও অন্যান্য খরচ, টাইপিং খরচ, তথ্য বিশ্লেষণ খরচ, বাধাঁই খরচ, ফটোকপি, বই ক্রয়, গবেষণা সংশ্লিষ্ট উপকরণ ক্রয় প্রভৃতি) স্পষ্ট ও সঠিক ভাউচারে উপস্থাপন করতে হবে।

## ১৯. গবেষণা প্রতিবেদন জমা প্রদান ও জমা প্রদানে ব্যর্থতাঃ

১৯.১. সকল প্রকার গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উল্লিখিত সময়ের (প্রোমোশনাল ১ বছর, ফেলোশিপ ২ বছর, প্রাতিষ্ঠানিক ২ বছর, এমফিল/এমএস ২ বছর এবং পিএইচডি ৩ বছর) মধ্যে জমা প্রদান করতে হবে; এমফিল/এমএস এবং পিএইচডি গবেষণার ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে এ নীতি শিথিলযোগ্য;

১৯.২. জমাকৃত গবেষণা প্রতিবেদন ১০ দিনের মধ্যে প্যানেলভুক্ত সংশ্লিষ্ট ক্ষেত্র/বিষয়ের মূল্যায়নকারীর নিকট প্রেরণ করতে হবে;

১৯.৩. যৌক্তিক কারণ ব্যতীত চুক্তিবদ্ধ সময়ের মধ্যে প্রতিবেদন জমা প্রদানে ব্যার্থ হলে এসএসআরসি মঞ্জুরী হতে নির্দিষ্ট পরিমান অর্থ কর্তন করতে পারবে।

১৯.৪. গবেষণা প্রতিবেদনের কভার পৃষ্ঠায় গবেষকের নাম, পদবী এবং জমাদানের সাল উল্লেখ করতে হবে। সংক্ষিপ্তসার দুই কপি জমাদান করতে হবে এ ক্ষেত্রে গবেষকের বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে।

## ২০. মূল্যায়ন নীতিমালাঃ

২০.১. মূল্যায়নকারীর যোগ্যতাঃ মূল্যায়নকারী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক অথবা অবসর প্রাপ্ত অধ্যাপক, গবেষণার সাথে সংযুক্ত পিএইচডি ডিগ্রিধারী সরকারি কর্মকর্তা/অবসরপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে। যাদের দেশীয় এবং আন্তর্জাতিক অথেনটিক জার্নালে প্রকাশিত গবেষণা পেপার রয়েছে। গবেষণা কার্যক্রম পরিচালনায় দক্ষ ও অভিজ্ঞ হতে হবে;

২০.২. মুল্যায়নকারীর প্যানেল তৈরিঃ গবেষণা প্রস্তাবনা, প্রতিবেদন, প্রশিক্ষণ ম্যানুয়াল মূল্যায়নের জন্য ভিন্নভিন্ন প্যানেল থাকবে। এই প্যানেলভুক্ত সদস্যের নিকট গবেষণা প্রস্তাবনা, প্রতিবেদন এবং প্রশিক্ষণ ম্যানুয়েল মূল্যায়ন করতে হবে। এ ক্ষেত্রে গবেষণা প্রস্তাবনার জন্য প্যানেল, বিভিন্ন ক্যাটাগরির গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য প্যানেল এবং প্রশিক্ষণ ম্যানুয়েলের জন্য প্যানেল প্রস্তুত করতে হবে;

২০.৩. মূল্যায়নকারী এসএসআরসির মূল্যায়ন ছক অনুযায়ী মূল্যায়ন করবেন;

২০.৪. নির্দিষ্ট সময়ের মধ্যে (গ্রহণের তারিখ হতে ২১ দিন) জমা প্রদান করবেন;

২০.৫. কোনো কারণে মুল্যায়নে ব্যর্থ হলে বা করতে অপরগতা প্রকাশ করলে তা সরাসরি এসএসাআরসি এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে হবে;

২০.৬. ২০.৬. গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের জন্য ওয়ার্কসপের বাজেট অনুয়ায়ী সম্মানী প্রদান করা হবে;

২০.৭. প্রোমোশনাল গবেষণা কার্যক্রমে প্রধান তত্ত্বাবধায়ক এবং সহযোগী তত্ত্বাবধায়ক নির্বাচনে বিশ্ববিদ্যালয় থেকে প্রধান তত্ত্বাবধায়ক এবং প্রয়োজনে পরিকল্পনা বিভাগ/কমিশন হতে সহযোগী তত্ত্বাবধায়ক নিয়োগ (যোগ্যতা ও দক্ষতা বিবেচনায় নিয়ে) করা যাবে। একজন তত্ত্বাবধায়কের অধীন ৩টির বেশি গবেষণা কার্যক্রম তত্ত্বাবধান করা যাবে না।

২১. গবেষণা মঞ্জুরি সঞ্চালন প্রক্রিয়া: গবেষণা মঞ্জুরি সঞ্চালনের জন্য এসএসআরসির নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে মঞ্জুরী গ্রহণ ও সমন্বয় করতে হবে। মূল্যায়নকারীর রিপোর্ট ও পরিবীক্ষণ রিপোর্ট এর ওপর ভিত্তি করে এ সঞ্চালন প্রক্রিয়া পরিচালিত হবে।

২২. গবেষণা সম্পর্কিত অভিযোগ: গবেষকের গবেষণার মান, গবেষণা কার্যক্রম সঞ্চালন, গবেষণা তথ্য সংগ্রহ, মাধ্যমিক তথ্য সংগ্রহ বা অন্য কোনো গবেষণার সাথে শিরোনাম, উদ্দেশ্য, কোনো অধ্যায়, গবেষণা ফলাফল হুবহু মিল সম্পর্কে কোনোরুপ অভিযোগ উত্থাপিত/ প্রমাণিত হলে গবেষণা মঞ্জুরি বাতিল, মঞ্জুরীকৃত অর্থ আদায় এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. গবেষণা প্রতিবেদন প্রকাশনা: সকল গবেষণা প্রতিবেদন প্রকাশনার দাবী রাখে। প্রত্যেক গবেষককে গবেষণা প্রতিবেদন এসএসআরসির নির্ধারিত ফরমেটে জমা প্রদান করতে হবে। গুণগত গবেষণা সম্পাদনা ম-লীর সুপারিশ অনুয়ায়ী প্রকাশনা করতে হবে। প্রকাশনার জন্য একটি আন্তর্জাতিক মানের জার্নাল (Multidisciplinary Journal of Social Science Research Council ) এবং দুটি জাতীয় পর্যায়ের জার্নাল বাংলা ও ইংরেজি ভাষায় (Journal of Social Science Research Council ) প্রকাশিত হচ্ছে। জার্নাল প্রকাশনা এবং যাবতীয় কর্ম পরিচালনার একটি সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। গবেষকগণ এ নির্দেশনা মেনে সমাপ্তকৃত গবেষণার উপর গবেষণা আর্টিকেল জমা দিতে পারবেন। তাছাড়া প্রতিবছরে সমাপ্তকৃত ক্ষেত্রভিত্তিক গবেষণাসমূহ গুচ্ছ আকারে প্রকাশিত হবে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পলিসি এবং গবেষণা সাপোর্ট সংশ্লিষ্ট ইউনিটে এসএসআরসি প্রেরণ করবে।

২৪. প্রকাশিত গবেষণা বাজারজাতকরণ প্রক্রিয়া: প্রকাশিত গবেষণা প্রতিবেদন বাজারজাতকরণের উদ্দেশ্যে এসএসআরসি প্রণীত আলাদা নীতি অনুযায়ী পরিচালিত হবে। প্রকাশিত এবং অপ্রকাশিত গবেষণা সংশ্লিষ্ট বিভাগ বা মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে বিস্তরণের ব্যবস্থা করতে হবে।

